

# 6th Meeting of the BRICS Counter Terrorism Working Group

July 30, 2021

## ব্রিক্স (BRICS) সন্ত্রাস বিরোধী ওয়ার্কিং গ্রুপের 6 ঠ বৈঠক

জুলাই, 30,2021

ভারতের পৌরহিত্যে ব্রিক্স কাউন্টার টেরোরিজম ওয়ার্কিং গ্রুপ(সিটিডব্লুজি)-এর 6 ঠ বৈঠক 28-29 জুলাই 2021 তারিখে ভার্সুয়ালি অনুষ্ঠিত হয়েছে। ভারতের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের সন্ত্রাসবাদ বিরোধী দপ্তরের যুগ্ম সচিব, শ্রীযুক্ত মহাবীর সিংহী এই বৈঠকের পৌরহিত্য করেন। সকল ব্রিক্স দেশের সন্ত্রাসবাদ বিরোধী উচ্চপদস্থ আধিকারিকরা এই বৈঠকে অংশগ্রহণ করেছিলেন।

ওয়ার্কিং গ্রুপের এই বৈঠক থেকে মূল যে বিষয়টি বেরিয়ে এসেছে, সেটা হল ব্রিক্স সন্ত্রাসবাদ বিরোধী কর্ম পরিকল্পনাকে চূড়ান্ত রূপ দেওয়া, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে 2020 সালে ব্রিক্স নেতৃবৃন্দ দ্বারা গৃহীত সন্ত্রাসবাদ বিরোধী কৌশলকে বাস্তবায়িত করার জন্য সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ। কর্ম পরিকল্পনার লক্ষ্য ছিল, সন্ত্রাসবাদ, মৌলবাদ, সন্ত্রাসবাদকে অর্থের জোগান, সন্ত্রাসবাদীদের দ্বারা ইন্টারনেটের অপব্যবহার, সন্ত্রাসবাদীদের বিচরণ প্রতিহত এবং এর বিরুদ্ধে লড়াই করা, সীমান্ত নিয়ন্ত্রণ, সফট টার্গেটের সুরক্ষা, তথ্য বিনিময়, ক্ষমতা নির্মাণ, আন্তর্জাতিক এবং আঞ্চলিক সহযোগিতা ইত্যাদির মত ক্ষেত্রগুলিতে ব্রিক্স দেশগুলির মধ্যে ফলপ্রসূ সহযোগিতাকে আরও শক্তিশালী করা।

ব্রিক্স-এ ভারতের পৌরহিত্যকালে, ব্রিক্স সন্ত্রাসবাদ বিরোধী কর্ম পরিকল্পনা হল বিতরণযোগ্য গুলির মধ্যে অন্যতম এবং আগামি মাসে নির্ধারিত ব্রিক্স জাতীয় সুরক্ষা উপদেষ্টার বৈঠকে সেটি গৃহীত হবে।

ওয়ার্কিং গ্রুপের বৈঠক চলাকালীন, যেকোনও সময়ে, যেকোনও জায়গায় এবং যে কারোর দ্বারা সকল প্রকারের সন্ত্রাসবাদ এবং এর বহিঃপ্রকাশকে তিরস্কৃত করে ব্রিক্স দেশগুলি জাতীয়, আঞ্চলিক এবং বিশ্বব্যাপী সন্ত্রাসবাদের হুমকি নিয়ে তাদের দৃষ্টিভঙ্গিরও বিনিময় করেছে এবং কর্ম পরিকল্পনার পথ ধরে সন্ত্রাসবিরোধী সহযোগিতাকে আরও মজবুত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ব্রিক্স সন্ত্রাস বিরোধী ওয়ার্কিং গ্রুপের বৈঠকের আগে 26 -27 জুলাই 2021-এ সন্ত্রাসমূলক কাজের জন্য ইন্টারনেটের অপ ব্যবহার, মৌলবাদ বিরোধী, সন্ত্রাসে অর্থবিনিয়োগ বিরোধী, ক্ষমতা নির্মাণ এবং বিদেশী সন্ত্রাসবাদীদের আক্রমণের বিরুদ্ধতা নিয়ে পাঁচটি থিম্যাটিক সাব-ওয়ার্কিং গ্রুপের বৈঠক অনুষ্ঠিত হয়েছিল।

নিউ দিল্লি

জুলাই 30,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.